গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭৩

## চাঁপাইনবাবগঞ্জে নারী সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহী; ০৭ আশ্বিন, ২২ সেপ্টেম্বর:

চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিসের আয়োজনে তারুণ্যনির্ভর, উন্নত, সমৃদ্ধ, বৈষম্যহীন এবং জবাবদিহিতামূলক বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে আজ মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার সুন্দরপুর ইউনিয়নের চরবাগডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁপাইনবাবগঞ্জ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক চৌধুরী ইমরুল হাসান।

প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, মায়ের ওপর নির্ভর করে সন্তানের ভবিষ্যৎ। পুরুষরা কাজের উদ্দেশ্যে সকালে বাসা থেকে বের হয় কিন্তু মায়েরা সবসময় সন্তানের পাশে থাকে। কখনো সন্তানের ডাক্তার, শিক্ষক, সেবক, স্কুলে আনা-নেয়া এবং বাজার করাসহ সকল কাজ করেন একজন মা। একজন সন্তানের সকল শিক্ষা এবং বেড়ে উঠায় মায়ের ভূমিকা অপরিসীম।

তিনি বলেন, শিশুদের আদর ভালোবাসার পাশাপাশি তাদের নিজের কাজ তাদের দিয়ে করাবেন। নিজের কাজ নিজে করার পাশাপাশি পরিবারের কাজে সহযোগিতা করলে তারা আত্মনির্ভরশীল হয়ে উঠবে।

চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিসার রূপ কুমার বর্মন এর সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মাহমুদুজ্জামান, চরবাগডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিরুপ বিকাশ শীল।

অনুষ্ঠানে বক্তারা বাল্যবিবাহ, মাদকের অপব্যবহার, যৌতুক, নারী নির্যাতন ও কন্যা শিশুর প্রতি বৈষম্য রোধ, বৃক্ষরোপন, পলিথিন বর্জন, শিশুদের মোবাইলের অপব্যবহার প্রতিরোধ, সামাজিক মূল্যবোধ গঠন, সুষম খাদ্য গ্রহণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে শিক্ষক, নারী–পুরুষ এবং শিশুসহ সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

........................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/হালিম/২০২৫/১৬:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd